



## রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ২৮০/সা.বি.অ/১৩৫ পাট ১৬

তারিখ: ৩০/০৬/২০২৪

### নোটিশ

#### স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (ষষ্ঠ মাইগ্রেশন) ও বিষয়ভিত্তিক মেধা তালিকা (সপ্তম) প্রকাশ

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে ১২ মে ২০২৪ থেকে ২৭ জুন ২০২৪ তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিষয় পছন্দক্রম ও মেধা স্কোর-এর ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (ষষ্ঠ মাইগ্রেশন)-এর তালিকা প্রকাশ করা হলো।

একইসাথে শূন্য আসনগুলোর বিপরীতে বিষয় পছন্দক্রম ও মেধা স্কোর-এর ভিত্তিতে সপ্তম মেধা তালিকা প্রকাশ করা হলো। পাশাপাশি বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতী-নাতনী কোটা এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার দ্বিতীয় মেধা তালিকা, প্রথম মাইগ্রেশনের তালিকা এবং প্রতিবন্ধী কোটার চতুর্থ মেধা তালিকা প্রকাশ করা হলো। তালিকাভুক্ত প্রার্থীদের নিজ নিজ রোল নম্বরের পাশে উল্লিখিত বিভাগে আগামী ২ জুলাই, ২০২৪ থেকে ৪ জুলাই, ২০২৪ সকাল ৯টা থেকে বিকাল ৪টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

আগামী ২ জুলাই, ২০২৪ থেকে ৪ জুলাই, ২০২৪ সকাল ৯টা থেকে বিকাল ৪টার মধ্যে নির্বাচিত প্রার্থীদের A ইউনিটের চীফ কো-অর্ডিনেটর-এর অফিসে (সামাজিক বিজ্ঞান অনুষদ, ডীনস্ কমপ্লেক্স) উপস্থিত হয়ে সাক্ষাৎকারসহ ভর্তি প্রক্রিয়া শুরু করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, ভর্তি হওয়া প্রার্থীদের মেধা স্কোর ও বিষয় পছন্দের ক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন প্রক্রিয়া অব্যাহত থাকবে। বিভাগ পরিবর্তনের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে। ভর্তি হওয়ার পর যদি কোনো প্রার্থী বিভাগ পরিবর্তন করতে না চায় তাহলে তাকে অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন বন্ধ করতে হবে (৪ জুলাই ২০২৪, ৪টার মধ্যে)। তবে ইতোমধ্যে যারা পছন্দক্রমের ১ম বিষয় পেয়েছে তাদের মাইগ্রেশন বন্ধ করার প্রয়োজন নেই।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তনের চূড়ান্ত তালিকা ৬ জুলাই, ২০২৪ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে। একইসাথে বিভিন্ন কোটায় পরবর্তী মেধা তালিকা ও স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তনের তালিকাও প্রকাশ করা হবে।

#### ভর্তি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

১. অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ২ জুলাই, ২০২৪ তারিখ সকাল ৯টা থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত ফরমটি A4 সাইজের অফসেট কাগজে ৩ (তিন) কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে (সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসের নোটিশ বোর্ডে প্রদত্ত ফরমেট অনুযায়ী) ইউনিট অফিসে (সামাজিক বিজ্ঞান অনুষদ) জমা দিতে হবে।
২. ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। ভর্তি ফি জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও online admission guideline থেকে জানা যাবে।
৩. সাক্ষাৎকার ও সনদপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের ২ (দুই) কপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচএসসি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

ভর্তি প্রক্রিয়ার শুরুতেই নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

১. ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র;
২. Subject Choice Form-এর প্রিন্ট কপি;
৩. এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট;
৪. এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(প্রফেসর ড. এস এম এক্রাম উল্যাহ)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ও

ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়